মেহেরপুর সীমান্তে বিএসএফের গুলিতে ভারতীয় নারীর মৃত্যু

জীবনের শেষ সময়টুকু পরিবারের স্বজনদের সাথে কাটাতে চেয়েছিলেন ইস্তাফন খাতুন (৬৪)। তার আগেই বিএসএফের গুলিতে প্রাণ হারালেন তিনি। গতকাল রবিবার (৩০ জুন) দিবাগত মধ্যরাতে সীমান্তবর্তি নবীনগর খালপাড়া সীমান্তের ১১৬ নাম্বার মেইন পিলারের কাছে তারকাটা পার হয়ে বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশের চেষ্টাকালে ভারতের নাটনা বিএসএফ ক্যাম্পের সদস্যরা গুলি করে হত্যা করে মরদেহ নিয়ে গেছে ভারতের অভ্যন্তরে।

নিহত ইস্তাফন খাতুনের বড় ভাই হাসেম আলী এই তথ্য নিশ্চিত করেছেন। এদিকে বুড়িপোতা বিজিবি ক্যাম্প কমান্ডার মন মোহন ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, ঘটনাটি ভারতের অভ্যন্তরে ঘটেছে। তাই এবিষয়ে বিএসএফ আমাদের কিছুই যানাইনি।

নিহত ইস্তাফন খাতুন মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামের মৃত কোমর আলীর মেয়ে।

নিহত ইস্তাফন খাতুনের বড় ভাই হাসেম আলী, ৩০ বছর আগে আমার বোন ভারতে পারি জমান। ভারতের বিহারের একটি শহরে বাসিন্দা রহমত আলীর সাথে বিয়ে করে বসবাস করে আসছিলেন। সে ওই দেশের নাগরিক হয়েছেন। কিছুদিন আগে তার স্বামী রহমত আলী মারা গেছেন। স্বামী মারা যাওয়ার পর ইস্তাফন খাতুন একাকি জীবন ধারণ করছিলেন। কয়েক সপ্তাহ আগে সীমান্তের তারকাটা পার হয়ে আমাদের বাড়িতে কয়েক সপ্তাহ থেকে আবারও ফিরে গেছেন। সেখানে এখন তার দেখা শুনার কেউ নেই। বাকি জীবনটা আমাদের পরিবারে সাথে কাটানোর কথা তার।

তারকাটা পার হওয়ার জন্য গত তিন দিন সীমান্তের ওপারে ভারতের নদীয়া জেলার তেহট্র থানার নবীনগরে অবস্থান করছিলেন তিনি। রবিবার দিবাগত রাতে আমাদের সাথে তার শেষ কথা হয় মুঠোফোনে। বলেছিলেন সুযোগ পেলেই তারকাটা পার হবো। তোমরা জেগে থেকে। মধ্যরাতে খবর পাই তারকাটা পেরিয়ে বাংলাদেশে অনুপ্রবেশ কালে বাংলাদেশী ভেবে তাকে নাটনা বিএসএফ ক্যাম্পে সদস্যরা ভারতের অভ্যন্তরে গুলি করে হত্যা করেছে। পরে তার মরদেহ নদীয়া জেলার তেহট্র থানার ৮৪ নং বিএসএফ ব্যাটেলিন নাটনা ক্যাম্পে নিয়ে গেছে। বোনের মৃত্যুর খবরে

সীমান্তে ছুটে গিয়েও তার মৃত দেহের দেখা মেলেনি পরিবারের।

তিনি আরো বলেন, জীবনের শেষ সময় টুকু কাটাতে চেয়েছিলেন পরিবারে ভাই বোনদের সাথে। সে আশায় গত দেড় বছর যাবত চেষ্টা করেও আসতে পারেনি নিজ দেশে।

নিহতের ভায়ের ছেলে বিপ্লব হোসেন জানান, গত তিন দিন ধরে ওপারের নবীণনগর গ্রামের একটি বাড়িতে অবস্থান করছিলেন ফুপু। ফোনে তার সাথে বেশ কয়েকবার মোবাইল ফোনে কথা হয়। পরে ভারত থেকে মোবাইল ফোনে জানতে পারি বিএসএফ এর গুলিতে মারা গেছেন ফুফু। লাশ ফিরে পেতে আমরা বুড়িপোতা বিজিবি ক্যাম্পে যোগাযোগ করি। কিন্তু ভারতীয় অভ্যন্তরে ঘটনাটি ঘটনায় বিজিবি কোন ভাবে লাশ পাওয়ার আশা দিতে পারেনি।

সীমান্তে নিহতের ঘটনায় বুড়িপোতা বিজিবি ক্যাম্প কমান্ডার মন মোহন ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, খালপাড়া সিমান্তে নিহতের ঘটনা ভারতের অভ্যন্তরে ঘটেছে। এ বিষয়ে বিএসএফ আমাদের কিছু জানাইনি। নিহত নারীর জন্ম বাংলাদেশে তার ভাই সহ পরিবারের অন্য সদস্যরা সীমান্তবর্তি গ্রাম শালিকাতে বসবাস করেন। ধারনা করা হচ্ছে তাদের কাছে অবৈধ ভাবে আসতে গিয়েই এই ঘটনা ঘটেছে।

ঝিনাইদহে ট্রাকের ধাক্কায় আলমসাধু চালকের মৃত্যু

ঝিনাইদহ সদরের গোপিনাথপুর এলাকায় ট্রাকের সাথে মাছ বোঝাই আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে আছাদুল (৩৫) নামের এক আলম সাধু চালকের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার (৪ জুন) সকাল এ ঘটনা ঘটে। সে মেহেরপুর জেলার গাংনি থানার যুগীরগোফা গ্রামের তাইজুল মিস্ত্রির ছেলে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের পরিদর্শক তানভীর হাসান জানান, সকালে আলমসাধু যোগে মেহেরপুরের গাংনি এলাকা থেকে ড্রামে মাছ নিয়ে

ফরিদপুরের দিকে যাচ্ছিল আছাদুল। পথিমধ্যে ঝিনাইদহের গোপিনাথপুর এলাকায় ডিঙ্গেমারা ব্রীজের সামনে পৌছালে সামনের দিক থেকে আসা একটি ট্রাকের সাথে আলমসাধুটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ছিটকে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে মৃতদেহটি পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। তবে ঘাতক গাড়ীটিকে আটক করতে পারেনি পুলিশ।

কোটচাঁদপুরে দুই শ্রমিকের মৃ*ত্যু

পৃথক দুইটি ঘটনায় কোটচাঁদপুরে দুই জনের মৃত্যু হয়েছে। যার মধ্যে আতিয়ার রহমান(৪৫) মারা গেছেন গাছ চাপা পড়ে। আর মজনুর রহমান(৫৫) মারা গেছেন সিমেন্টের বস্ত্রা চাপা পড়ে। আজ শুক্রবার এ ঘটনা ঘটেছে।

জানা যায়, কোটচাঁদপুরের রথখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি ঠিকাদারি প্রতিষ্ঠানে টেন্ডারের গাছ কাটা কাজ করছিলেন,আতিয়ার রহমান সহ কয়েক জন শ্রমিক। তারা কয়েকদিন ধরে ওই বিদ্যালয়ের গাছ কাটার কাজ করছিলেন। আজ শুক্রবার তারা একটি মেহগনি গাছ কাটার সময় ঘটে এ ঘটনা।

বিষয়টি নিয়ে সহকর্মী রতন মন্ডল বলেন,কয়েকদিন যাবৎ এক ঠিকাদারের টেন্ডারে পাওয়া গাছ কাট ছিলাম, মেহগনি গাছটি কাটার শেষের দিকে কিছু বুঝে উঠার আগেই ভেঙ্গে তাঁর কোমরের উপর পড়ে। এ সময় উদ্ধার করে তাঁকে কোটচাঁদপুর হাসপাতালে নেয়া হয়।

চিকিৎসক তাকে দেখে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করেন। পরে তাকে স্বজনরা যশোর নিয়ে যাচ্ছিলেন। পথিমধ্যেই মারা যায় আতিয়ার রহমান। সে কোটচাঁদপুরের রামচন্দ্রপুর গ্রামের মৃত আব্দুল খালেক মন্ডলের ছেলে। পারিবারিক জীবনে তিনি ৫ ছেলে মেয়ের জনক।

অন্যদিকে কোটচাঁদপুরের সাবদারপুরের কবর স্থান পাড়ার মজনুর রহমান মারা গেছেন সিমেন্টের বস্ত্রা চাপা পড়ে। তিনি ওই গ্রামের মৃত

ইনসুর আলী বিশ্বাসের ছেলে।

বিষয়টি নিয়ে তাঁর সহকর্মী বলুহর গ্রামের আশাদুল ইসলাম বলেন,বহিরগাছি গ্রামের পুটকে মন্ডলেন বাড়িতে নির্মানধীন ভবনের কাজ করছিলেন। এ সময় মজনুর রহমান একটি সিমেন্টের বস্ত্রা মাথায় করে ছাদে উঠছিলেন। হঠাৎ করে সে পা সিলিপ করে নিচে পড়ে যান। এ সময় স্থানীয়দের সহায়তায় তাঁকে কোটচাঁদপুর হাসপাতালে নেয়া হয়। হাসপাতালের চিকিৎসক তাঁকে দেখে মৃত ঘোষণা করেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আশরাফুল ইসলাম বলেন,দূর্ঘটনায় আহত হয়ে দুই জন কোটচাঁদপুর হাসপাতালে আসেন। এদের মধ্যে মজনুর রহমানকে আমরা মৃত অবস্থায় পেয়েছি। আর আতিয়ার রহমানকে আহত অবস্থায় পেয়েছিলাম। তাঁকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করা হয়।
এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) শারমিন আক্তার বলেন, দুইটি ঘটনায় মৌখিক ভাবে জেনেছি। এখনও পর্যন্ত কোন পক্ষের কেউ কোন জিডি বা অভিযোগ করেনি।

মুজিবনগরে মোনাখালী ইউপি সদস্যের মৃত্যু

মুজিবনগর উপজেলার ২নং মোনাখালী ইউনিয়ন পরিষদের ২ নম্বর ওয়ার্ড ইউপি সদস্য মো: আলাউদ্দীন (৩৬) ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আজ শনিবার রাত ১০ টা ১৫ মিনিটের সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মো: আলাউদ্দীন মোনাখালী পূর্বপাড়ার মৃত মজিত মন্ডলের ছেলে।

পারিবারিক সূত্রে জানা গেছে, ইউপি সদস্য মো: আলাউদ্দীন হৃদরোগে আক্রান্ত হলে আজ রাত ৮ টা ৩০ মিনিটের সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় রাতে মারা যান তিনি।

মৃত্যুকালে মো: আলাউদ্দীন স্ত্রী, ২ ছেলে সহ অসংখ্য গুনাগ্রহেী রেখে গেলেন।

মো: আলাউদ্দীনের জানাজার নামাজ আগামীকাল সকাল ৮ টার সময় মোনাখালী মধ্যপাড়া ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে শ্যামপুর ইউপি সদস্যের মৃ*ত্যু

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়নের ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য (মেম্বর) আনারুল ইসলাম (৬০) ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহি রাজিউন)।

আজ রবিবার (১৯ মে) সকাল ১০ টার দিকে কুষ্টিয়ার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন তিনি।

আনারুল ইসলাম সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ঝাউবাড়িয়া গ্রামের খেদের জোয়ারদার ছেলে।

শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিউর রহমান মতিন পারিবারিক সূত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন। চেয়ারম্যান মতিউর রহমান গভীর শোক প্রকাশ করেছেন। তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন।
আনারুল ইসলামের স্ত্রী, ৩ ছেলে সহ অসংখ্য গুনাগ্রহেী রয়েছেন।

পারিবারিক সূত্রে জানা গেছে, ইউপি সদস্য আনারুল ইসলাম বেশ কিছুদিন ধরে নানা রোগে আক্রান্ত ছিলেন। গতকাল শনিবার তাকে কুষ্টিয়ার একটি বেসরকারি ক্লিনিকে ভর্তি করা হয়। আজ সকালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

চুয়াডাঙ্গায় বজ্রাঘাতে কৃষক সহ ২ জনের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার পাটাচোরা গ্রামে বজ্রাঘাতে আহাম্মেদ মল্লিক (৭০) নামের এক কৃষক ও ঝাজরী বেগমপুরে রুবেল হোসেন (২৮) নামের এক যুবক নিহত হয়েছে।

বজ্রপাতে নিহত আহম্মেদ আলী পাটাচোরা গ্রামের মল্লিকপাড়ার মৃত খেদের মল্লিকের ছেলে এবং রুবেল বেগমপুর ইউনিয়নের ঝাজরী গ্রামের আবদুল মালেকের ছেলে।

শনিবার সকাল ৯টার দিকে পৃথক দুটি স্থানে এই ঘটনা ঘটে ।

দামুড়হুদা মডেল থানার অফিসার্স ইনচার্জ (ওসি) মোঃ আলমগীর কবির জানান, শনিবার সকালে পৌনে ৯ টার দিকে দামুড়হুদা উপজেলার গ্রামের খড়েরগাড়ী মাঠে জমিতে যায় আহম্মেদ মল্লিক। বৃষ্টি শুরু হলে তিনি বাড়ির দিকে ফিরছিলেন। এসময় বজ্রাঘাতে তিনি ঘটনাস্থলে নিহত হয়।

অন্য দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) তদন্ত মোঃ শফিকুল ইসলাম জানান, শনিবার ৯ টার দিকে বৃষ্টি শুরু হয়। এসময় দর্শনা থানার ঝাজরী বেগমপুর গ্রামের বস্তির পাশে রুবেল হোসেন একটি দোকানের নিচে বসে ছিল। এ সময় হঠাৎ করে বজ্রপাত এসে তার মাথায় আঘাত করলে ঘটনাস্থলে তিনি নিহত হয়।

মেহেরপুরের সব চেয়ে বয়স্ক বীর মুক্তিযোদ্ধার মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা এস এম আলামিন ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) মৃত্যুকালে তার বয়স হয়েছিল (১০৫) বছর।

সোমবার (১ এপ্রিল) দিবাগত রাত সাড়ে ১১ টার দিকে মেহেরপুর ২৫০শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। এস এম আল আমিনের তিন ছেলে, নাতি, নাতনি সহ অসংখ্য গুণাগ্রহী রয়েছেন।

১৯৭১ সালের যুদ্ধকালীন সময় এস এম আল আমিন আনসার কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেন। মুক্তিযুদ্ধ শুরু হওয়ার পর তিনি ভারতের চাকুলিয়া প্রশিক্ষণ ক্যাম্পে প্রশিক্ষণ গ্রহণ করেন। এবং ৮ নং সেক্টর কমান্ডারের সাব সেক্টর কমান্ডার এ আর আজম চৌধুরীর সাথে বিভিন্ন ক্যাম্পে প্রশিক্ষণ দেখ ভাল করতেন। এস এম আলামিন ছিলেন মেহেরপুর জেলার বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে সবচেয়ে বয়োজ্যেষ্ঠ বীর মুক্তিযোদ্ধা।

আজ মঙ্গলবার (২ এপ্রিল) বেলা ১০ টার দিকে সদর উপজেলার যাদবপুর স্কুল মাঠে রাস্ট্রিয় মর্যাদায় সম্মাননা গার্ড অব অনার শেষে যাদবপুর কেন্দ্রীয় কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।

এসময় জেলা প্রশাসন, পুলিশের বিভাগের কর্মকর্তা, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ও বীর মুক্তিযোদ্ধারা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতির মৃত্যু

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফজলুল হক ফজল (৭৪) মারা গেছেন। (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না এলাহি রাজিউন)।

আজ শনিবার দুপুর সাড়ে তিনটার সময় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।
মৃত্যুকালে তার তিন ছেলে এক মেয়ে, স্ত্রী, বন্ধু, বান্ধব, রাজনৈতিক সহকর্মীসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছেন।
প্রবীণ এই আওয়ামী লীগ নেতা গাংনী উপজেলা কৃষক লীগের সভাপতি, জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করছেন।

ফজলুল হকের ভাস্তে আজিজুল হক রানু এই তথ্য নিশ্চিত করেছেন।

বর্তমানে তিনি জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও গাংনী মার্কেট মালিক সিমিতি কমিটির সভাপতির দায়িত্ব পালন করছেন।

আজ শনিবার রাত ১০ টার সময় গাংনী হাইস্কুল ময়দানে নামাজে জানাযাশেষে কেন্দ্রীয় কবরস্থানে দাফন করা হয়েছে।

এদিকে প্রবীণ আওয়ামী লীগ নেতা ফজলুল হকের মৃত্যুতে শোক জানিয়েছেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম প্রমুখ।

চুয়াডাঙ্গা জেলা কারাগারে সাজাপ্রাপ্ত কয়েদির মৃত্যু

চুয়াডাঙ্গায় জেলা কারাগারে সাজাপ্রাপ্ত আসামী দিলীপ কুমার বিশ্বাস (৪৭) নামের এক কয়েদির মৃত্যু হয়েছে। ২৪ দিনের ব্যবধানে চুয়াডাঙ্গা জেলা কারাগারে আটক থাকা দু জনের মৃত্যু হলো।

আজ শনিবার (১৬ মার্চ) বেলা সাড়ে বারোটার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। দিলীপ কুমার বিশ্বাস ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন আশুরহাটি গ্রামের শ্রী দেবেন্দ্রনাথ বিশ্বাসের ছেলে। চুয়াডাঙ্গা জেলা কারাগারের ভারপ্রাপ্ত জেলার মো. ফখর উদ্দিন এ তথ্য নিশ্চিত করেছেন

অপরদিকে, গত ২১ ফেব্রেয়ারী মাঝ রাতে জেলা কারাগারে আটক থাকা চুরি মামলার হাজতি মিঠু মিয়াকে (৩০) হাসপাতালে নেওয়ার কিছুক্ষণের মধ্যে মারা যায়।

চুয়াডাঙ্গা জেলা কারাগার সুত্রে জানা যায়, দিলীপ কুমার ঝিনাইদহের একটি চেক প্রতারণা মামলার এক বছরের সাজাপ্রাপ্ত আসামী ছিলেন। চুয়াডাঙ্গায় আরও একটি মামলা থাকায় গত ৯ মার্চ ঝিনাইদহ জেলা কারাগার থেকে চুয়াডাঙ্গা জেলা কারাগারে হস্তান্তর করা হয়। শুক্রবার কারাগারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন দিলীপ কুমার বিশ্বাস। তাৎক্ষনিক তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসলে প্রাথমিক চিকিৎসা শেষে দিলীপ কুমারকে পুরুষ মেডিসিন ওয়ার্ডে ভর্তি করেন চিকিৎসক। আজ শনিবার বেলা সাড়ে ১২টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যায়।

ভারপ্রাপ্ত জেলার মো. ফখর উদ্দিন বলেন, চিকিৎসকের মতে দিলীপ কুমার বিশ্বাস স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা গেছেন। মৃত্যুর সঠিক কারণ নির্ণয় করতে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত শেষে ময়নাতদন্ত সম্পন্ন করা হবে।

মেহেরপুরে সাবেক শিক্ষকের মৃত্যু

মেহেরপুরের হিজুলি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক আব্দুল মুতালিব ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আজ দুপুর ১ টার সময় হিজুলি গ্রামে নিজ বাসভবনে বার্ধক্যজনিত কারণে তার মৃত্যু হয়। তিনি এনজিও কর্মী ও সাংবাদিক সাদ আহাম্মদের পিতা।

মৃত্যুকালে আব্দুল মুতালিবের বয়স হয়েছিলো (৮০ বছর)। তিনি ২ ছেলে ও ২ মেয়েসহ পিতা ছিলেন।

আজ বিকেল ৫ টা ৩০ মিনিটের সময় জানাজা শেষে হিজুলি কবরস্থানে দাফন করা হবে।